ক্ষেতলাল উপজেলা আইন শৃংখলা কমিটির সেপ্টেম্বর/২০১৪ মাসে অনুষ্ঠিত সভার কার্য বিবরণী।

সভাপতিঃ এ.টি.এম.আব্দুল্লাহেল বাকী
উপজেলা নির্বাহী অফিসার
ক্ষেতলাল,জয়পুরহাট।

তারিখ ঃ ২৯/০৯/২০১৪ খ্রিঃ ।

সময় ঃ দুপুর ১২,০০ টা ।

স্থান ঃ ক্ষেতলাল উপজেলা পরিষদ সভাকক্ষ, জয়পুরহাট।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা সংরক্ষিত।

সভার শুরুতে সভাপতি উপজেলা পরিষদের চেয়ারম্যান , ভাইসচেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান সহ সকল সদস্যকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর গত সভার কার্য বিবরণী পাঠ করা হলে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়। আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক ও নিয়ন্ত্রণে রাখার জন্য সভায় উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং এ ধারা অব্যাহত রাখার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, ক্ষেতলাল থানা ও সকল ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয় ।

০১। (ক) আগষ্ট /২০১৪ মাসের অপরাধ চিত্র ঃ

| ডাকাতি | দস্যুতা | সিধেল চুরি | চুরি | খুন | দাঙ্গা | পশুচুরি | নারী ও শিশু নির্যাতন | অপহরন | অস্ত্র আইন | চোরা চালান | মাদক দ্রব্য | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| -- | - | - | - | ০১ | - | - | ০১ | - | - | ১ | - | ০৩ | ০৬ |

। (খ) সেপ্টেম্বর/২০১৪ মাসের অপরাধ চিত্র ঃ

| ডাকাতি | দস্যুতা | সিধেল চুরি | চুরি | খুন | দাঙ্গা | পশুচুরি | নারী ও শিশু নির্যাতন | অপহরন | অস্ত্র আইন | চোরা চালান | মাদক দ্রব্য | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| -- | - | - | - | - | - | - | ০৭ | ১ | - | ০২ | ০২ | ০২ | ১৪ |

০২।(ক) আগষ্ট /২০১৪ মাসের গ্রেফতারী পরোয়ানা প্রতিবেদন ঃ

| মামলার ধরন | তামিল | রিকল | মোট | মুলতবী পরোয়ানা |
|---|---|---|---|---|
| জিআর | ২০ | - | ২০ | ১০২ |
| সিআর | ০৭ | - | ০৭ | ৬৬ |
| সাজা | - | -- | - | - |
| মোট | ২৭ | - | ২৭ | ১৬৮ |

(খ) সেপ্টেম্বর/২০১৪ মাসের গ্রেফতারী পরোয়ানা প্রতিবেদন ঃ

| মামলার ধরন | তামিল | রিকল | মোট | মুলতবী পরোয়ানা |
|---|---|---|---|---|
| জিআর | ১৫ | ০২ | ১৭ | ৯২ |
| সিআর | ১৫ | - | ১৫ | ৬২ |
| সাজা | ০৩ | -- | ০৩ | ০৩ |
| মোট | ৩৩ | ০২ | ৩৫ | ১৫৭ |

০৩।(ক) আগষ্ট মাসে মামলা নিস্পত্তির প্রতিবেদনঃ

পি আর টি- ০ সি,এস-০৯টি, মামলা মুলতবী-২৩টি ,নন এফআইআর-০২ টি, মোটরযান আইনে মামলাঃ ২০টি

(খ) সেপ্টেম্বর মাসে মামলা নিস্পত্তির প্রতিবেদনঃ

সি,এস-০৬টি, এফ আর টি-১ ,মামলা মুলতবী-২৯টি ,নন এফআইআর-০৩ টি, মোটরযান আইনে মামলাঃ ০৭টি

০৪। আলোচনা ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | অপরাধ চিত্র পর্যালোচনায় দেখা যায়-আগষ্ট/১৪ মাসের অপরাধের সংখ্যা ০৬ টি,চুরি-০টি, খুন-১ টি, নারী নির্যাতিন-০১টি, অপহরণ-০ টি,চোরা চালান ০১টি এবং অন্যান্য-০৩টি। পক্ষান্তরে-সেপ্টেম্বর/১৪ মাসের অপরাধের সংখ্যা- ১৪টি, নারী নির্যাতিন-০৭টি, অপহরণ-০১ টি, চোরা চালান-০২টি,মাদক দ্রব্য ০২টি এবং অন্যান্য-০২টি। | ১। অপরাধ প্রবনতা নিয়ন্ত্রণে অধিকতর তৎপর থাকতে হবে ।<br>২। মাদকদ্রবের ব্যবহার বর্তমানে এ উপজেলাসহ জেলার সর্বত্র দিন দিন বৃদ্ধি পাচ্ছে, মাদকদ্রবের ব্যবহার রোধে সকল ইউপি চেয়ারম্যানসহ সমাজের সচেতন ব্যক্তিবর্গের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। | ১। অফিসার ইনচার্জ, ক্ষেতলাল থানা<br>২। সংশ্লিষ্ট ইউপিচেয়ারম্যান/ মেম্বার । |
| ০২ | সার্বিক আইন-শৃংখলাঃ<br>ক্ষেতলাল উপজেলার সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ে আলোচনা হয়। অফিসার ইনচার্জ, ক্ষেতলাল থানা সভায় জানান যে, উপজেলা চেয়ারম্যান,ইউপি চেয়ারম্যান, পৌর মেয়রসহ সকলের সার্বিক সহযোগিতার কারণে বর্তমানে আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও নিয়ন্ত্রনে আছে। এ ধারা অব্যাহত রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | ১। স্পর্শকাতর স্থান/রাস্তায় পুলিশ/ চৌকিদার/ দফাদার দিয়ে টহল জোরদার করতে হবে।<br>২।আইন-শৃংখলা পরিস্থিতির উন্নতিকল্পে ইউনিয়ন পরিষদে নিয়মিত আইন শৃংখলা কমিটির সভা করতে হবে ও সভার কার্যবিবরণী নির্ধারিত সময়ের মধ্যে উপজেলা আইন শৃংখলা কমিটির সভায় উপস্থাপন করতে হবে। | ১। অফিসার ইনচার্জ, ক্ষেতলাল থানা<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ০৩ | তুলশীগংগা ব্রীজের উপরে ও ফুলদীঘি টু গোপিনাথপুর রাস্তায় রাত্রীতে কিছু সংখক দুষ্ট প্রকৃতির ব্যক্তি অপরাধ সংগঠন করে থাকেন, যা দমন করা প্রয়োজন। তাছাড়া বর্তমানে এ উপজেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি ভাল। তবে গোপীনাথপুর, নয়াপাড়া ও মহেশমন্ডার কিছু দুষ্ট প্রকৃতির লোকজন ক্ষেতলাল উপজেলার রাস্তায় আইন সৃংখলা বিরোধী তৎপরতা চালাচ্ছে। এটা নিয়ন্ত্রণ করা প্রয়োজন। | ১। অফিসার ইন চার্জ ক্ষেতলাল থানা, বিষয়টি নজরে রাখবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত হয়। | ১। অফিসার ইনচার্জ, ক্ষেতলাল থানা । |
| ০৪ | রাস্তার সরকারী গাছ চুরি সংক্রান্ত ঃ<br>চেয়ারম্যান, বড়তারা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে উপজেলার বিভিন্ন রাস্তার গাছ চুরি হচ্ছে। এটা প্রতিরোধ করা প্রয়োজন । তাছাড়া অনেক গাছ মরে গেছে। মরা গাছগুলি চুরি হয়ে যাচ্ছে। এতে সরকারের রাজস্ব ক্ষতি হচ্ছে। সরকারের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে মরা গাছগুলি নিলামে বিক্রয় করা প্রয়োজন। রাস্তাগুলি জেলা পরিষদের হওয়ায় জরুরী ভিত্তিতে মরা গাছগুলি চিহ্নিত করে বিক্রয়ের ব্যবস্থা করার জন্য সভায় সকল সদস্যগণ একমত পোষণ করেন | ১।গাছ চুরির বিষয়ে থানায় তথ্য দিয়ে সাহায্য করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। প্রয়োজনে সে সকল সংস্থা বিধি মোতাবেক মামলা দায়ের করবেন ।<br>২। জেলা পরিষদকে রাস্তার মরা গাছগুলো জরুরী ভিত্তিতে বিধি মোতাবেক অপসারণ/ বিক্রয় করার জন্য অনুরোধ জানানো হয়। | ১। অফিসার ইনচার্জ, ক্ষেতলাল থানা ।<br>২। প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ |
| ০৫ | সার বিতরণের ষিষয়: সভায় সার বিতরণ বিষয়ে আলোচনা হয়। বর্তমানে আলু চাষের মৌসুম হওয়ায় সারের ব্যাপক চাহিদা আছে। এ উপজেলার বরাদ্ধ কৃত সার | ১। উপজেলা কৃষি কর্মকর্তা /সহকারী কৃষি কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন | ১ উপজেলা কৃষি কর্মকর্তা /সহকারী কৃষি কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | যেন অন্য উপজেলায় যেতে না পারে সে ব্যাপারে উপজেলা কৃষি কর্মকর্তা, ক্ষেতলাল সজাগ দৃষ্টি রাখবেন মর্মে সভায় সিদ্ধান্ত হয়। | | |

০৫। মোবাইল কোর্ট পরিচালনা ঃ

মোবাইল কোর্ট পরিচালনা বিষয়ে সভায় আলোচনা হয় এবংসেপ্টেম্বর/১৪ মাসে পরিচালিত মোবাইল কোর্টের নিম্নোক্ত তথ্যচিত্র উপস্থাপিত হয় ।

| আলোচ্য মসে অভিযান সংখ্যা | মোবাইল কোর্টের মামলা সংখ্যা | দন্ডিত ব্যক্তির সংখ্যা | দন্ড | | | যে আইনের অধীন অপরাধের জন্য দন্ড দেয়া হচ্ছে |
|---|---|---|---|---|---|---|
| | | | অর্থ দন্ড | কারাদন্ড | অর্থদন্ড অনাদায়ে কারাদন্ড | |
| ০৫ | ০৬ | ০৬ | - | ৩ জনের ৬ (ছয়) মাস করে বিনাশ্রম কারাদন্ড<br>১ জনের ৪ (চার) মাস বিনাশ্রম কারাদন্ড<br>১ জনের ৩ (তিন) মাস বিনাশ্রম কারাদন্ড<br>১ জনের ২ (দুই) মাস বিনাশ্রম কারাদন্ড | - | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ১৯৯০ ৯(১) ৭(ক) এবং ২৬ ধারায় কারাদন্ড দেওয়া হয়। |

বিস্তারিত আলোচনান্তে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয় ।

বিবিধ ঃ সভাপতি সভায় জানান যে, ক্ষেতলাল উপজেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি ভাল। সমন্বয়ের মাধ্যমে এ ধারা অব্যাহত রাখতে হবে। মাঝে মধ্যে জুয়া খেলা হয়। এটা বন্ধ হওয়া প্রয়োজন। বাল্য বিবাহ, জুয়াসহ যে কোন অপরাধ উপজেলার যেখানেই ঘটুক তা তাৎক্ষণিক ভাবে উপজেলা নির্বাহী অফিসার কিংবা অফিসার ইনচার্জ ,ক্ষেতলাল থানাকে মোবাইল ফোনের মাধ্যমে জানানোর জন্য সকলকে অনুরোধ করা হয় । উপজেলা আইন-শৃংখলা কমিটির সভায় সম্মানিত সদস্যবৃন্দকে যথাসময়ে উপস্থিত নিশ্চিত করা ও তাঁরদের সুচিন্তিত মতামত/পরামর্শ প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধণ্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২১/১/১৪

(এ.টি.এম.আব্দুল্লাহেল বাকী)
উপজেলা নির্বাহী অফিসার
ক্ষেতলাল,জয়পুরহাট।
ও
সভাপতি
উপজেলা আইন শৃংখলা কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ক্ষেতলাল, জয়পুরহাট।

স্মারক নং- ০৫.৪৩.৩৮৬১.০০০.০৮.০০৫.২০১৪ - ৯৯৭(২০) তারিখ ২৯/১০/২০১৪ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে

০১। মাননীয় সংসদ সদস্য,জয়পুরহাট-২/ মাননীয় সংরক্ষিত মহিলা সংসদ সদস্য জয়পুরহাট ও মুখ্য উপদেষ্টা,উপজেলা আইন শৃংখলা কমিটি,ক্ষেতলাল,জয়পুরহাট।

০২। জেলা প্রশাসক,জয়পুরহাট।

০৩। পুলিশ সুপার,জয়পুরজাট।

০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,ক্ষেতলাল,জয়পুরহাট।

০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ,ক্ষেতলাল,জয়পুরহাট।

০৬। চেয়ারম্যান,তুলশীগঙ্গা/বড়তারা/মামুদপুর/বড়াইল/আলমপুর ইউনিয়ন পরিষদ ক্ষেতলাল জয়পুরহাট ।

০৭। সহকারী কমিশনার (ভূমি),ক্ষেতলাল,জয়পুরহাট।

০৮। উপজেলা................................................অফিসার,ক্ষেতলাল,জয়পুরহাট।

০৯। অফিসার ইনচার্জ,ক্ষেতলাল থানা,ক্ষেতলাল,জয়পুরহাট।

১০। কমান্ডার,বাংলাদেশ মুক্তিযোদ্ধ সংসদ,ক্ষেতলাল উপজেলা ইউনিট কমান্ড।

১১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক..........................................কলেজ/মাদ্রাসা/উচ্চ বিদ্যালয়,ক্ষেতলাল,জয়পুরহাট।

১২। সভাপতি,উপজেলা আওয়ামিলীগ প্রেসক্লাব ক্ষেতলাল,জয়পুরহাট।

১৩। জনাব/বেগম.......................................গ্রাম.....................................।

২৯/১০/১৪

উপজেলা নির্বাহী অফিসার
ক্ষেতলাল,জয়পুরহাট।